# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩২১

১/ বিবিধ

আরবী

لأن يتصدق الرجل في حياته بدرهم خير له من أن يتصدق بمائة عند موته
ضعيف

رواه أبو داود (2866) وابن حبان (821) والمخلص في " الفوائد المنتقاة " (198/1 ـ 2) والضياء في " المختارة " (10/98/2) عن ابن أبي فديك: أنبأ ابن أبي ذئب عن شرحبيل عن أبي سعيد الخدري مرفوعا به
قلت: وهذا إسناد ضعيف رجاله كلهم ثقات غير شرحبيل وهو ابن سعد أبو سعد المدني، وهو ضعيف، يكاد يكون من المجمع على ضعفه، وقد اتهمه بعضهم، وقال الحافظ في " التقريب
" صدوق اختلط بآخره ". ومنه تعلم أن قول المناوي: " ثم قال: أعني ابن حبان: حديث صحيح، وأقره ابن حجر
فإنما صدر عن غير تحقيق، فإن ابن حبان ليس من عادته أن يعقب على الأحاديث بقوله: "حديث صحيح "، ولا نقله الهيثمي في " موارد الظمآن " عقب هذا الحديث، وإنما أوقعه في هذا الخطأ قول الحافظ في " الفتح " (5/374) في هذا الحديث:" رواه أبو داود، وصححه ابن حبان وهذا لا يعني أنه قال: " حديث صحيح " لما ذكرنا، وغنما يعني: رواه ابن حبان. في " صحيحه " وهذا شيء معروف عند أهل العلم، وجره هذا الخطأ إلى التصريح بصحة سنده في " التيسير ". وتقدم غيره
نقول هذا بيانا للواقع، وإلا فلا فرق عند الباحثين والعارفين بتساهل ابن

حبان بين إخراجه للحديث في " صحيحه " وسكوته عنه، وبين ما لوقال فيه: "حديث صحيح " فإنه لابد في الحالتين من التأكد من صحة حكمه بالصحة، وقد فعلنا، فنقلنا قول الحافظ فيه الدال على ضعفه، وأن إقراره لتصحيح ابن حبان لحديثه لا حجة فيه بعد معرفة ضعف راويه، وقد أورده الذهبي في " الضعفاء " وقال: " اتهمه ابن أبي ذئب، وضعفه الدارقطني وغيره
ثم رأيت الغماري قلد المناوي ـ كعادته ـ فأورد الحديث في كنزه

বাংলা

১৩২১। কোন ব্যক্তি কর্তৃক তার জীবনে (মৃত্যুর সময়ের পূর্বে) এক দিরহাম সাদাকাহ করা তার জন্য বেশী কল্যাণকর তার মৃত্যুর সময়ে একশত দিরহাম সাদাকাহ করার চেয়ে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি আবু দাউদ (২৮৬৬), ইবনু হিব্বান (৮২১), আলমুখলেস "আলফাওয়াইদুল মুনতাকাত" গ্রন্থে (১৯৮/১-২), যিয়া "আলমুখতারাহ" গ্রন্থে (১০/৯৮/২) ইবনু আবী ফুদায়েক হতে, তিনি ইবনু আবী যিইব হতে, তিনি শুরাহবীল হতে, তিনি আবু সাঈদ খুদরী (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। শুরাহবীল ছাড়া এর সকল বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। শুরাহ্বীল হচ্ছেন ইবনু সা’দ আবু সা’দ আল-মাদানী। তিনি দুর্বল। তার দুর্বল হওয়ার ব্যাপারে প্রায় সকলেই একমত। আর কেউ কেউ তাকে মিথ্যা বর্ণনা করার দোষে দোষী সাব্যস্ত করেছেন। হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী তবে তার শেষ বয়সে মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল।

এ থেকেই বুঝা যাচ্ছে যে, মানবীর কথা কতটুকু গ্রহণযোগ্য। তিনি বলেছেন যে, ইবনু হিব্বান বলেছেনঃ হাদীসটি সহীহ আর হাফিয ইবনু হাজার তাকে সমর্থন করেছেন।

তার এ কথা বিষয়টিকে যাচাই বাছাই না করেই বলা হয়েছে। কারণ ইবনু হিব্বানের এরূপ অভ্যাস নেই যে তিনি বলেনঃ হাদীসটি সহীহ।

যদি ধরে নেয়া হয় যে, ইবনু হাজার ইবনু হিব্বানের সহীহ্ বলা কথাকে সমর্থন করেছেন তাহলেও তা গ্রহণযোগ্য নয়, সনদে দুর্বল বর্ণনাকারী থাকার কারণে। হাফিয যাহাবী "আয-যুয়াফা" গ্রন্থে শুরাহবীলকে উল্লেখ করে বলেছেনঃ তাকে ইবনু আবী যিইব মিথ্যা বর্ণনা করার দোষে দোষী করেছেন আর দারাকুতনী প্রমুখ তাকে দুর্বল আখ্যা দিয়েছেন। তা সত্ত্বেও গুমারী অভ্যাসগতভাবে মানবীর কথার অন্ধ অনুসরণ করে তার “আল-কানয" গ্রন্থে হাদীসটিকে উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72200

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন